তারিখ ২৮.১১.৯৫
পৃষ্ঠা ২ কলাম ৮

# আজকের কাগজ

03

অপরাধ ও দুর্ঘটনার খবর

## রাজশাহী পলিটেকনিকে শিবিরের সন্ত্রাস ।।ছাত্রদল ভিপি নিখোঁজ

❑ আজ রা.বিতে ক্লাশ শুরু

রাজশাহী থেকে সুব্রত দাস : গত বৃহস্পতিবার গভীর রাতে রাজশাহী পলিটেকনিকের দু'টি ছাত্রাবাসে একদল সশস্ত্র যুবকের বেপরোয়া হামলায় বেশ কয়েকটি কক্ষে ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে বলে জানা গেছে। ঘটনার পর পরই পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র সংসদের ভিপি ও ছাত্রদল নেতা কায়সার রিজভী কান্তাকে খুঁজে পাওয়া যাচ্ছেনা। এই উত্তেজনাকর পরিস্থিতির প্রেক্ষিতে পলিটেকনিকের কর্তৃপক্ষ গতকাল বেলা ১২টার মধ্যে হলত্যাগ করার জন্যে ছাত্র-ছাত্রিদের নির্দেশ দিয়েছে। ঐ ঘটনায় ভাঙচুর করা কক্ষগুলোর মধ্যে ৩০৬ নং কক্ষে (সহীদ মোনায়েম ছাত্রাবাসে) হামলা হয় এবং কান্তা ঐ কক্ষে অবস্থান করতো বলে জানা গেছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কয়েকদিন ধরে যে সন্ত্রাসী কর্মকান্ড চলছে। তার জের ধরে এ সন্ত্রাস ছড়িয়ে পড়ে এ ঘটনার জন্যে ছাত্রদল শিবিরকে দায়ী করেছে.। এ দিকে চরম আতংকজনক পরিস্থিতির মধ্যে দিয়ে আজ শনিবার থেকে রাজশাহী বিশ্ব বিদ্যালয়ে পুনরায় ক্লাশ শুরু হতে যাচ্ছে। গত ৬ই নভেম্বর ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে সংঘর্ষের প্রেক্ষিতে উত্তেজনাকর পরিস্থিতির মুখে কর্তৃপক্ষ ৭ই নভেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস স্থগিত ঘোষণা করেছিলো।